গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা
www.techedu.gov.bd

## চীন সরকারের স্কলারশীপের আওতায় শিক্ষার্থী নির্বাচন কার্যক্রমের ব্যবস্থাপনার কমিটির সভার কার্যবিবরণী

স্থান ঃ অধ্যক্ষের অফিস কক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
তারিখ ঃ ১৮/০৬/২০১৭ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা

চীন সরকারের স্কলারশীপের আওতায় চীনে বিভিন্ন পলিটেকনিক, কারিগরি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের নিমিত্ত ৩৪৫ জন শিক্ষার্থীকে স্কলারশীপ প্রদানের লক্ষ্যে আগামী ০৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে চীনা প্রতিষ্ঠান প্রতিনিধির সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্ত নির্বাচন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ১৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, অধ্যক্ষের অফিস কক্ষে সকাল ১০:০০ ঘটিকায় ব্যবস্থাপনা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পরিঃ ও উন্নঃ) জনাব মোঃ মিজানুর রহমান সভাপতিত্ব করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত ছিলেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (ভোকেশনাল) ড. মোঃ নুরুল ইসলাম, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ এর অধ্যক্ষ, জনাব প্রকৌঃ মোঃ মোজাহার হোসেন, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ, ড. মোঃ শাহ জাহান, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক এর অধ্যক্ষ, জনাব মোঃ আইয়ুব আলী এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক (পরিঃ ও উন্নঃ) জনাব মোঃ জাহাঙ্গীর আলম।

সভায় চীন সরকারের স্কলারশীপের আওতায় চূড়ান্ত শিক্ষার্থী নির্বাচন কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ভেন্যু প্রস্তুতি, নিরাপত্তা বজায় ও আপ্যায়ণসহ সার্বিক সহযোগিতা বজায় রাখার জন্য ভিন্ন ভিন্ন উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়। সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গঠিত বিভিন্ন উপ-কমিটিসমূহ নিম্নরূপ ঃ

### (১) ভেন্যু প্রস্তুতি উপ-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | দায়িত্ব |
|---|---|---|---|
| ১. | প্রকৌঃ মোঃ মোজাহার হোসেন | অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা। | আহবায়ক |
| ২. | প্রকৌঃ ড. মোঃ রমজান আলী | সহযোগী অধ্যাপক, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা। | সদস্য |
| ৩. | জনাব মোঃ আইয়ুব আলী | অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, ঢাকা | সদস্য |
| ৪. | জনাব মোঃ জাকির হোসেন | উপাধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য |
| ৫. | জনাব শামীম হাসান | টিটি ইনস্ট্রাক্টর, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা। | সদস্য |
| ৬. | জনাব আলতাফ হোসেন | কেয়ারটেকার, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা। | সদস্য |
| ৭. | জনাব সুজিত বিকাশ চাকমা | টিটি ইন্সট্রাক্টর, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা। | সদস্য সচিব |

কার্যপরিধি ঃ

১। নির্ধারিত সময়ের আগে টিটিটিসির কনফারেন্স রুম ও ৫টি বুথের জন্য ৫টি আলাদা রুম, এয়ারকন্ডিশন, সাউন্ড সিস্টেম, মাল্টিমিডিয়া, ব্যানার, আসবাবপত্রসহ প্রয়োজনীয় উপকরণ প্রস্তুত রাখা।
২। বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক এর অডিটোরিয়ামে মাল্টিমিডিয়াসহ সাউন্ড সিস্টেম ও প্রয়োজনীয় সংখ্যক চেয়ারের ব্যবস্থা।
৩। প্রয়োজনীয় সংখ্যক ব্যানার, পদ নির্দেশক, ডায়াস প্রস্তুত করণ।
৪। বুথ অনুযায়ী শিক্ষার্থীর তালিকা প্রস্তুত।
৫। অনুষ্ঠানের দিন ভেন্যুতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করণ।

One drive/Hasna Banu/Rasulation.doc

(২) নিরাপত্তা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | দায়িত্ব |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আইয়ুব আলী | অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক | আহবায়ক |
| ২. | জনাব আব্দুর রহিম হোসাইনি | ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাক্টর, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট | সদস্য |
| ৩. | জনাব মোঃ হেদায়েতুল ইসলাম | ইনস্ট্রাক্টর (টেক), ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক | সদস্য |
| ৪. | জনাব আখতার জাহান | ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাক্টর, ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট | সদস্য |
| ৫. | জনাব ইশরাত জাহান | রেজিস্ট্রার, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ | সদস্য |
| ৬. | জনাব মোঃ মোস্তফা কামাল | প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৬. | জনাব মোঃ আব্দুল মতিন হাওলাদার | সহকারী পরিচালক-৩, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

কার্যপরিধি ঃ

১। সময়মত পুলিশ প্রশাসনকে অবহিত করা এবং ভেন্যুতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ রাখার ব্যবস্থা।
২। প্রয়োজনীয় সংখ্যক রোভার স্কাউটের ব্যবস্থা করা।
৩। ভেন্যু ও ভেন্যুর আশেপাশের স্থানসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা, অনাকাঙ্ক্ষিত অনুপ্রবেশ নিয়ন্ত্রণ করা।
৪। যে সকল স্থানসমূহ বিদেশিরা পরিদর্শন করবে সে সকল স্থানে সার্বক্ষনিক নিরাপত্তা কর্মী নিয়োজিত রাখা।
৫। বিভিন্ন পলিটেকনিক ও টিএসসি থেকে আগত উপস্থিত প্রার্থীর শান্তি ও শৃঙ্খলা নিশ্চিত করা।

(৩) আপ্যায়ন উপ-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | দায়িত্ব |
|---|---|---|---|
| ১. | জনাব ড. মোঃ শাহ জাহান | অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট | আহবায়ক |
| ২. | প্রকৌঃ মোঃ মোজাহার হোসেন | অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ | সদস্য |
| ৩. | জনাব মোঃ আইয়ুব আলী | অধ্যক্ষ, ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক | সদস্য |
| ৪. | জনাব রেবেকা ইয়াছমিন | অধ্যক্ষ, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট | সদস্য |
| ৫. | জনাব এম.এম. আলী সুজা | অধ্যক্ষ, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট | সদস্য |
| ৬. | জনাব বিমল কুমার মিশ্র | সহকারী পরিচালক (ভোকেশনাল) ডিডিও, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৭. | জনাব মোঃ সামসাদ খলিল | সহকারী পরিচালক-১, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

কার্যপরিধি ঃ

১। অনুষ্ঠানের দিন অতিথিবৃন্দের আপ্যায়নের জন্য মেনু নির্বাচন।
২। বিদেশী অতিথি সহ আগত সকল অতিথির জন্য সুষ্ঠুভাবে খাবার ব্যবস্থা সুনিশ্চিত করা।

৫টি বুথে সাক্ষাতকার চলাকালীন সময়ে বিদেশীদের সাথে বুথের ভিতরে সার্বক্ষণিক নিম্নোক্ত ৫জন কর্মকর্তা নিয়োজিত থাকবেন ঃ

১। জনাব মোঃ রেজাউল করিম, সহকারী পরিচালক-৫, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
২। জনাব মোঃ আব্দুল ওয়াদুদ মন্ডল, সহকারী পরিচালক-২, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩। জনাব মোঃ সামসাদ খলিল, সহকারী পরিচালক-১, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪। জনাব বিমল কুমার মিশ্র, সহকারী পরিচালক (ভোকেশনাল) ডিডিও, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৫। জনাব মোঃ জহুরুল ইসলামা, সহকারী পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।

বুথে সাক্ষাতকার চলাকালীন সময়ে সার্বিক সহযোগিতার জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণ দায়িত্বরত থাকবেন ঃ

১. জনাব শামীম হাসান, টিটি ইনস্ট্রাক্টর, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ ।
২. জনাব রুদাবা নাজ, ইনস্ট্রাক্টর (টেক/আর্কিটেকচার), ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট ।
৩. জনাব নিগার সুলতানা, ইনস্ট্রাক্টর (টেক/কম্পিউটার), ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট।
৪. জনাব রেজওয়ানুল হক, ইকুইপমেন্ট অফিসার, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. জনাব মোঃ আলী আজম খান মোজাহেদী, জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক), ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক
৬. জনাব মোঃ সাইফুল ইসলাম, সংযুক্ত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

আগামী ২২/০৬/২০১৭ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় চীনা দূতাবাসের প্রতিনিধি ভেন্যু পরিদর্শন করবেন। এ লক্ষ্যে ভেন্যু প্রস্তুতির যাবতীয় কার্যক্রম ২১/০৬/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট উপ-কমিটিকে অনুরোধ জানানো হয়। তাছাড়া চীন সরকারের স্কলারশীপের আওতায় শিক্ষার্থী নির্বাচন কার্যক্রমের ব্যবস্থাপনার কমিটি ২১/০৬/২০১৭ খ্রিঃ তারিখে ভেন্যু পরিদর্শন করবেন এবং ২২/০৬/২০১৭ খ্রিঃ তারিখে চীনা প্রতিনিধির সাথে ভেন্যু ও অন্যান্য লজিষ্টিক সাপোর্ট সংক্রান্ত বিষয়ে আলোচনা করবেন।

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে স্কলারশিপের আওতায় শিক্ষার্থী নির্বাচন কার্যক্রম শেষে চীনা প্রতিষ্ঠান প্রতিনিধিগণ ঢাকাস্থ ২/৩ টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট ও ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট পরিদর্শন বিষয়ে একমত পোষণ করেন। এ ব্যাপারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান চীনা প্রতিনিধিদের পরিদর্শনের জন্য যাবতীয় আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিশেষে যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার আশা ব্যক্ত করে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন ।

**স্বাক্ষরিত/-**
**(মোঃ মিজানুর রহমান)**
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পরিঃ ও উন্নঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং ঃ ৩৭.০৩.০০০০.০৫০.২৪.০০৮.১৭- ৯৮৫ তারিখ ঃ ২৮/০৬/২০১৭ খ্রিঃ

<u>সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ</u>

১. পরিচালক (প্রশাসন/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
৩. অধ্যক্ষ, ঢাকা/ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স, ঢাকা।
৪. সহকারী পরিচালক, ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জনাব ............................................................. ।
৭. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. নথি।

২৮/৬/১৭
(মোঃ জাহাঙ্গীর আলম)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন ঃ ৮১৮১২২৬

One drive/Hasna Banu/Rasulation.doc